

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৮০

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ইচ্ছা করলে জুতা পরিধান করে সালাত আদায় করতে পারে আবার চাইলে জুতা দুই পায়ের সামনে রাখতে পারে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ مُخَيَّرْ بَيْنَ الصَّلَاةِ فِي نَعْلَيْهِ وَبَيْنَ خَلْعِهِمَا وَوَضْعِهِمَا بَيْنَ رِجْلَيْهِ

আরবী

2180 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عِياضُ بْنُ عَبْدِ اللَّهِ الْقُرَشِيُّ وَغَيْرُهُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ عِيَاضُ بْنُ عَبْدِ اللَّهِ الْقُرَشِيُّ وَغَيْرُهُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَلْبَسْ نَعْلَيْهِ أَوْ لِيَخْلَعْهُمَا بَيْنَ رجليه ولا يؤذ بهما غيره)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2180 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (662).

বাংলা

২১৮০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাত আদায় করবে, অতঃপর তার জুতা দুটি খুলে ফেলে, তবে সে যেন এর দ্বারা কাউকে কষ্ট না দেয়; বরং সে যেন তা তার দুই পায়ের সামনে রাখে অথবা তা পরিধান করে সালাত আদায় করে। সে যেন এর দ্বারা অন্যকে কষ্ট না দেয়।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৪৩২; আবূ দাউদ: ৬৫৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০১; হাকিম: ১/২৬০; তাবারানী আস সাগীর: ৭৮৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন